বাংলার ছন্দ / কলাবৃত্ত ৩

প্রত্নকলাবৃত্ত নিয়ে আলোচনার আগে সাধারণ কলাবৃত্তের কতগুলো উদাহরণ দেওয়া যাক —

১। জীবনে যত পূজা / হল না সারা
জানি হে জানি তা-ও / হয়নি হারা | হিসেব করে দেখো, প্রতি পঙক্তি হবে ৭ + ৫

২। আমার সেই পাখি / পাখায় দোল খায়
শিকড়ে ওঠে ঢেউ / পাথর ভেঙে ছোটে | ৭+৭

৩। ঘোড়াটি ছুটছে / দেখো ওর ঘাড়ে / যেন
আগুন জ্বলছে / এক লাখ লাল / শিখা | ৬+৬+২

৪। চপল পায় / কেবল ধাই
উপল ঘায় / দিই ঝিলিক | ৫+৫

৫। চিয়মুখো / গিরগিটি / মনে ভারি / শঙ্কা
পোকা ছেড়ে / শেষে কি শেষ / খাবে কাঁচা- / লঙ্কা | ৪+৪+৪/৩

৬। তোমারি চুলের / বন্যার মতো / অন্ধকারে
তোমারি চোখের / বাসনার মতো / অন্ধকারে | ৬+৬+৫ →

৭। বিশ্বমাঝে / নিঃস্ব মোরা / অধম ধূলি / চেয়ে ৫+৫+৫+২
চৌদ্দ শত / পুরুষ আছি / পায়ের জুতা / খেয়ে ৫+৫+৫+২
তথাপি ভাই / মানের লাগি / ধরণী মাঝে / ভিক্ষা মাগি ৫+৫+৫+৫
নিজ মহিমা / দেশ বিদেশে / বেড়াই গেয়ে / গেয়ে। ৫+৫+৫+২

শেষ উদাহরণটায় (৭ নং) প্রথম দুটো পঙক্তি পড়লে মনে হবে, এটা দলবৃত্ত হতে পারে, কারণ প্রতি পূর্ণ পর্বে ৪ টে করে দল আছে, কিন্তু শেষ ~~পরের দুটো~~ পঙক্তিতে দেখো, 'নিজ মহিমা' তে পাঁচটা দল, রুদ্ধ দল ২ মাত্রা ধরলে সবটা ৫ মাত্রার পূর্ণ পর্ব পাওয়া যাচ্ছে, তাই এটি কলাবৃত্ত ছন্দ হিসেবেই ধরা হলো।